



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2nd Term: Answer Work Sheet - 11

Class: 4



Subject: Bengali Text (বন্ধু চেনা বিষম দায়)

Date: 28/08/2020

১। কাক আর হরিণের বন্ধুত্বের কথা নিজের ভাষায় লেখ ।

উ: এক জঙ্গলে এক কাক আর হরিণ বাস করত । কাক চাঁপাগাছের ডালে বাসা বেঁধে থাকত । হরিণ থাকত সেই চাঁপাগাছের নীচে । কাক আর হরিণের মধ্যে অনেক দিনের ভাব ছিল । কাক সকালবেলায় উড়ে গিয়ে খাবার খুঁজতে যেত । আর হরিণ বনের মধ্যে ইচ্ছেমতো ঘুরে ফিরে বনের ঘাসপাতা খেত ।

২। শেয়াল কী মতলবে হরিণের সঙ্গে বন্ধুত্ব করেছিল ? তার সেই মতলব পূর্ণ হয়েছিল কিনা লেখ ?

উ: শেয়াল ঘুরতে ঘুরতে একদিন হরিণটিকে দেখতে পেল । হরিণের নাদুস নুদুস চেহারা দেখে শেয়ালের খুব লোভ হয়েছিল । সে ভেবেছিল এর নরম মাংস খেতে হবে । কিন্তু কী করে হরিণের মাংস খাবে ভাবতে ভাবতে সে মতলব করেছিল যে আগে হরিণের সঙ্গে ভাব জমিয়ে বন্ধুত্ব করে নিই । এর থেকে বোঝা যায় শেয়াল হরিণের মাংস খাবার মতলবে হরিণের সঙ্গে বন্ধুত্ব করেছিল । তার সেই মতলব পূর্ণ হয়নি ।

৩। শেয়াল হরিণের কাছে গিয়ে কিভাবে বন্ধুত্বের প্রস্তাব দিয়েছিল ? হরিণ কী সেই প্রস্তাবে মত দিয়েছিল ?

উ: শেয়াল হরিণের কাছে গিয়ে বলেছিল, কী গো বন্ধু, কেমন আছ ? হরিণ বলল 'কে তুমি ভাই ? তোমায় তো চিনতে পারলাম না' । শেয়াল বলল, আমি এক শেয়াল । এই বনেই থাকি, কিন্তু আমার কোন বন্ধু নেই । বন্ধু ছাড়া কি বাঁচা যায়

বলো, তাই তোমায় দেখে ভাবলাম তোমার সঙ্গে বন্ধুত্ব পাতাই । কী ,আপত্তি নেই তো ? এখন থেকে তুমি আর আমি একসঙ্গে চলাফেরা করব । হ্যাঁ হরিণ সেই প্রস্তাবে মত দিয়েছিল ।

৪। কাক যখন শেয়ালের সঙ্গে হরিণকে বন্ধুত্ব করতে মানা করল তখন শেয়াল রেগে গিয়ে কী বলেছিল ?

উ: কাক যখন হরিণকে শেয়ালের সঙ্গে বন্ধুত্ব করার প্রস্তাবে রাজি হল না তখন শেয়াল রেগে গেল । কিন্তু রাগ চেপে মিষ্টি গলায় কাককে বলল, ‘ছি ভাই, এটা তুমি কী ঠিক কথা বললে’ ? হরিণ যেদিন তোমাকে প্রথম দেখেছিল সেদিন তুমি ও তো তার অচেনা ছিলে । এখন তো দেখছি তোমাদের দুজনের মধ্যে খুব গলাগলি ভাব । তাহলে আমি কী দোষ করলাম, বলো ?

Manashi Chaudhuri